গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা।

স্মারক নং- এসএসসি/এইচএসসি/ভোকেশনাল/প্রকল্প/১২৯/৯৮/১১৫০ তারিখ : ০১ /০৯/২০১৬ খ্রিঃ

বিষয় : জনাব মোঃ মিজানুর রহমান, যুগ্ম সচিব ও পরিচালক (ভোকেশনাল) কর্তৃক নারায়নগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ দর্শন প্রতিবেদন।

গত ১০ আগস্ট, ২০১৬ খ্রিঃ বুধবার বেলা ১২:৩০ ঘটিকার সময় আকস্মিকভাবে নারায়নগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ দর্শন করি। দর্শনকালে অত্র অধিদপ্তরের সংযুক্ত কর্মকর্তা জনাব শিশির কুমার ধর, অধ্যক্ষ, নারায়নগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। দর্শনকালে ওয়ার্কশপ, ক্লাশরুমসহ বিভিন্ন স্থাপনা পরিদর্শন করি। পরিদর্শনকালে যে সমস্ত ত্রুটি বিচ্যুতি লক্ষ্য করা গেছে তা নিম্নরূপ ঃ

ওয়ার্কসপ ঃ

দর্শনকালে প্রতিষ্ঠানের ওয়ার্কসপ সমূহ এবং ক্যাম্পাস পরিদর্শন করি। পরিদর্শনকালে ওয়ার্কশপ সমূহ অত্যন্ত নোংরা, জরাজীর্ণ, বিভিন্ন প্রয়োজনীয়/ অপ্রয়োজনীয় মালামাল/যন্ত্রপাতিতে পরিপূর্ণ। এ গুলোর প্রতি অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের কোন লক্ষ্য আছে মর্মে প্রতীয়মান হয়নি। অবিলম্বে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধ্যক্ষ এবং সকল বিভাগীয় প্রধানকে অনুরোধ করা হল।

ক্লাশরুম ঃ

বিভিন্ন শ্রেণীকক্ষ পরিদর্শনকালে সিড়ি, ক্লাশরুম, বেঞ্চ/চেয়ার অত্যন্ত নোংরা দেখতে পাওয়া যায়। জনাবা নাসরিন আক্তার, ইন্সট্রাক্টর-কে ভাংগা টেবিল পেতে বসে থাকতে দেখা যায়। রুমের ভিতরে ময়লা স্তুপ করে রাখা হয়েছে মর্মে দেখা যায়। এই প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য অধ্যক্ষসহ অন্যান্য শিক্ষক-কর্মচারী-কে প্রতিষ্ঠান পরিস্কার রাখার ব্যাপারে তেমন কোন আগ্রহ আছে মর্মে প্রতীয়মান হয়নি। এ ব্যাপারে জরুরী ভিত্তিতে আসবাব পত্র মেরামত/ সংস্কার এবং পরিস্কার পরিচ্ছন্ন করা প্রয়োজন।

ক্লাশরুম সংলগ্ন পরিবেশ ঃ

স্কুলের মাঠ সংলগ্ন ক্লাশরুমে জানালার প্রায় প্রতিটি কাঁচ ভাংগা চোরা অবস্থায় দেখতে পাওয়া যায়। অধ্যক্ষ জানান যে, বহিরাগত লোকজন এসে মাঠে খেলা করে এবং বলের আঘাতে কাঁচ সমূহ ভেংগে গেছে। অত্র প্রতিষ্ঠানে ২(দুই) শিফটে ক্লাশ হয়। সেক্ষেত্রে ক্লাশ চলাকালীন সময়ে কিভাবে খেলাধুলা করা হয় এবং অধ্যক্ষসহ অন্যান্য শিক্ষকবৃন্দ এ ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছেন বা উদ্যোগ নিয়েছেন এ ব্যাপারে সন্তোষজনক কোন ব্যাখ্যা পাওয়া যায়নি। স্থানীয় প্রশাসনের সহিত যোগাযোগ পূর্বক বহিরাগত ব্যক্তিগণ যাতে প্রতিষ্ঠানে প্রবেশ করতে না পারে এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

অফিস ব্যবস্থাপনা ঃ

প্রতিষ্ঠানের অফিস ব্যবস্থাপনার মান সন্তোষজনক নহে। অধ্যক্ষের রুমে একটি কম্পিউটার সেট করা রয়েছে মর্মে দেখা যায়। কম্পিউটারের টোনারটি অন্য রুম হতে এনে কাজ করতে দেখা যায়। কম্পিউটারের প্রিন্টারে পর্যাপ্ত কাগজ ছিল না। অন্য স্থান থেকে কাগজ এনে প্রয়োজনীয় ডকুমেন্ট প্রিন্ট করতে হয়েছে। অন্যান্য শিক্ষকগণ কর্তৃক মহাপরিচালক বরাবর অনুরুপ অভিযোগ করা হয়েছিল। বর্ণিত খাতসমূহে পর্যাপ্ত বরাদ্দ দেয়া সত্বেও কেন উক্ত অর্থ খরচ না করে ফেরৎ দেয়া হয়েছিল তার যথাযথ ব্যাখ্যা দেয়ার জন্য অধ্যক্ষ-কে অনুরোধ করা হল।

আবাসন ব্যবস্থাপনা ঃ

প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব সমীর কর্মকার কর্মস্থলে অবস্থান করেন না। অধিকাংশ শিক্ষক-কর্মচারী ঢাকা হতে নারায়নগঞ্জে গিয়ে অফিস করেন। অধ্যক্ষের জন্য air marked কোয়াটার থাকা সত্বেও কেন তিনি বাসায় অবস্থান করেন না এ ব্যাপারে তার সন্তোষজনক জবাব পাওয়া যায়নি। কর্মকর্তা-কর্মচারী কোয়াটারে কেহ অবস্থান করেন না। বর্ণিত বাসাসমূহে নারায়নগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ এবং অন্যান্য শিক্ষক-কর্মচারীদের জন্য নির্দিষ্ট। অন্য কোন সরকারি ব্যক্তির নামে উক্ত বাসা সমূহ বরাদ্দ করা যাবে না। অধ্যক্ষ বাসা ভাড়া বাবদ অর্থ কর্তণ করেন না মর্মে জানা গেল। বাসা দীর্ঘদিন পরিত্যাক্ত থাকলে তা বসবাসের অযোগ্য হয়ে যায়। এ জন্য অধ্যক্ষসহ অন্যান্য কর্মকর্তা-কর্মচারীর নামে দ্রুত বাসা বরাদ্দ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধ্যক্ষকে অনুরোধ করা হল।

প্রতিষ্ঠানের অভ্যন্তরীন সমস্যা সমূহ ঃ

(১) প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা দীর্ঘদিন ধরে পরীক্ষা গ্রহণ বাবদ বিলসহ অন্যান্য বিল পাওনা রয়েছে মর্মে অভিযোগ করেন। অধ্যক্ষ জানান যে, একাউনটেন্ট না থাকায় বিল তৈরী ও পরিশোধ করতে দেরী হয়েছে। খুব শীঘ্রই বিল পরিশোধ করা হবে। আগামী ৭(সাত) দিনের মধ্যে সমুদয় বিল পরিশোধের উদ্যোগ নেয়ার জন্য অধ্যক্ষ-কে অনুরোধ করা হল।

(২) অত্র প্রতিষ্ঠানের ক্রাফট ইন্স্ট্রাক্টর জনাব এস এম মকফর উদ্দিন-কে ব্যবহারিক ক্লাশ চলাকালীন সময়ে ছাত্র-ছাত্রীদের পিছনে বসে থাকতে দেখা যায়। এ ব্যাপারে তাকে জিজ্ঞাস করা হলে তিনি সন্তোষজনক জবাব দিতে পারেননি। এ ব্যাপারে তার নিকট হতে যথাযথঃ ব্যাখ্যা গ্রহনের জন্য অধ্যক্ষকে অনুরোধ করা হল।

(৩) অত্র প্রতিষ্ঠানের ক্রাফট ইন্স্ট্রাক্টর জনাব মোঃ মাসুদুর রহমান, সিনিয়র ট্রেড ইন্স্ট্রাক্টর-কে উদ্ধতভাবে কথা বলতে দেখা যায়। ওয়ার্কসপ নোংরা ময়লা ইত্যাদি বিষয়ে তার দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি জানান যে, এটি তার দায়িত্ব নয়। তিনি কেন কাজটি করিয়ে নেননি এ ব্যাপারে সন্তোষজনক জবাব দিতে পারেননি। তিনি বর্তমান কর্মস্থলে দীর্ঘ ৫(পাঁচ) বৎসর যাবৎ কর্মরত আছেন। বর্ণিত বিষয়ে তার নিকট হতে ব্যাখ্যা তলব পূর্বক নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য বলা হল।

উদ্যোগের অভাব ঃ

ঢাকার অতি সন্নিকটে এবং ব্যবসায়িক কেন্দ্র হিসেবে পরিচিত স্থানে অবস্থান হওয়া সত্বেও এখানে কোন শর্ট কোর্স পরিচালনা করা হয় না মর্মে জানা গেল। ইতোপূর্বে ILO এর Fund এর মাধ্যমে Garments শ্রমিকদের ট্রেনিং দেয়া হতো। RMG সুইং মেশিনসহ অন্যান্য যন্ত্র থাকা সত্বেও অধ্যক্ষ এবং অন্যান্য শিক্ষকদের ভাষ্যমতে এখানে গার্মেন্ট শ্রমিকদের প্রশিক্ষণের জন্য ছাত্র-ছাত্রী পাওয়া যায় না। নারায়নগঞ্জ এর মত একটি শহরে RMG ট্রেনিং এর জন্য ছাত্র-ছাত্রী পাওয়া যাবে না বিষয়টি বিশ্বাসযোগ্য মর্মে প্রতীয়মান হয়নি। এ ব্যাপারে দ্রুত উদ্যোগ নেয়ার জন্য অধ্যক্ষকে নির্দেশ দেয়া হল। প্রয়োজন বোধে নিম্ন স্বাক্ষরকারী প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় অর্থ BGMEA থেকে Fund সরবরাহের ব্যবস্থা করবেন।

মতামত ঃ

অত্র প্রতিষ্ঠানের প্রধান হলেন অধ্যক্ষ। তিনি তার অধীনস্ত বিভাগীয় প্রধানসহ অন্যান্য শিক্ষক, কর্মকর্তা/কর্মচারীদের মাধ্যমে প্রতিষ্ঠান পরিচালনা করবেন। এ ক্ষেত্রে তার Managerial ভূমিকা পালন করার কথা কিন্তু তিনি সবকিছু একক উদ্যোগ পরিচালনা করছেন ফলে প্রতিষ্ঠানে অপর একটি গ্রুপের অস্তিত্ব পাওয়া যায়। Store Verification করতে গিয়ে তিনি Store audit করার উদ্যোগ নিয়েছেন এবং চীফ ইন্স্ট্রাক্টর জনাব ময়না রানী বাড়ৈ সহ অপর দুইজন শিক্ষককে উক্ত কমিটিতে নিয়োগ করেছেন। তারা যথাযথভাবে Varification করেননি মর্মে দেখা গেছে। Store Varification এর সময় প্রাপ্ত ত্রুটি বিচ্যুতি সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন প্রাপ্তির পর তা সংশোধনের উদ্যোগ নিতে হবে। পূর্বের কমিটি বাতিলপূর্বক একটি নুতন কমিটি গঠন করার পরামর্শ দেয়া হল। উক্ত কমিটিতে প্রতিষ্ঠানের শিক্ষকদের পাশাপাশি Central Store এর ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অন্তর্ভূক্ত করার জন্য বলা হল। অধ্যক্ষ-কে তার কর্মস্থলে অবস্থান করার এবং বাসা ভাড়া (বকেয়াসহ)

কর্তণ করার জন্য বলা হল। দর্শন শেষে সকল শিক্ষক-কর্মকর্তাকে একটি ভিডিও দেখানো হয়। উক্ত ভিডিও-তে Machanical Workshop (Automobile) কিভাবে রক্ষণাবেক্ষণ করা হয় তা দেখানো হয়েছে। খুব কম খরচে কিভাবে ওয়ার্কসপ টিপটপ রাখা যায় এ ব্যাপারে পরামর্শ দেওয়া হয়। পরবর্তী পরিদর্শনের পূর্বে প্রতিষ্ঠান/ল্যাব পরিস্কার পরিচ্ছন্নতার প্রতি নজর দেয়ার পরামর্শ দেয়া হল। অত্র প্রতিবেদন প্রাপ্তির ৭(সাত) কর্মদিবসের মধ্যে Broad Sheet আকারে যথাযথ জবাব প্রেরণ করার নির্দেশ দেয়া হল।

( মো: মিজানুর রহমান )
যুগ্ম সচিব
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : জনাব সমীর কর্মকার
অধ্যক্ষ
নারায়নগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ
পাঠানটুলী, নারায়নগঞ্জ।

স্মারক নং- এসএসসি/এইচএসসি/ভোকেশনাল/প্রকল্প/১২৯/৯৮/১১৫০ তারিখ : ০১ /০৭/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হল

১। সচিব শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৩। ভারপ্রাপ্ত অফিসার ICT Cell — চিঠি পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল।

৩০.৮.২০১৬
( মো: মিজানুর রহমান )
যুগ্ম সচিব
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।